

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৮০০

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম
পশ্চিম পানিসাগর উচ্চ বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের স্ক্রিনিং কর্মসূচি



উত্তর জেলার অন্তর্গত রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীন স্বাস্থ্যকর্মীরা বিভিন্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে শিশুদের নিয়মিতভাবে রুটিন স্ক্রিনিং করছেন। সম্প্রতি পানিসাগর মহকুমা হাসপাতালের অধীন ওয়েস্ট পানিসাগর উচ্চ বিদ্যালয়ে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম এক স্ক্রিনিং কর্মসূচি করেন। উক্ত অনুষ্ঠানের পাশাপাশি এদিন ছাত্রছাত্রীদের মধ্যে বিশ্ব আয়োডিন অভাবজনিত রোগ প্রতিরোধ দিবসের উপর এক সচতেনতামূলক আলোচনা অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক মোট ৬৮ জন ছাত্রছাত্রীর স্ক্রিনিং করেছেন। তাতে দুই জনের চোখের সমস্যা, পাঁচ জনের চর্ম রোগের সমস্যা, পাঁচ জনের দাঁতের সমস্যা চিহ্নিত করেন। এই কর্মসূচিতে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক ডাঃ অভিনব ধর ও ডাঃ দেবমিতা ছাত্রছাত্রীদের স্ক্রিনিং করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন এবং অভিভাবকদের উন্নত চিকিৎসার জন্য পরামর্শ প্রদান করেন। তাছাড়া এদিন উক্ত কর্মসূচিতে চিকিৎসকগণ আয়োডিনের উপকারিতা নিয়ে আলোচনা করেন এবং আয়োডিনের ঘাটতি থেকে বাঁচতে শিশুদের আয়োডিনযুক্ত লবণ ব্যবহার করার জন্য উপস্থিত সকল অভিভাবকদেরকে পরামর্শ প্রদান করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
